

যুক্তরাষ্ট্রে হামলা চালিয়ে ইরানকে দায়ী করার ষড়যন্ত্র করেছিল ইসরাইল— এমন দাবি করেছে ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম তেহরান টাইমস। তাদের প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সরাসরি যুদ্ধ বাধানোর উদ্দেশ্যে এই পরিকল্পনা নেওয়া হয়েছিল।

তেহরান টাইমস জানায়, ইসরাইল চেয়েছিল যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে একটি ধ্বংসাত্মক ঘটনা ঘটিয়ে সেটিকে ইরানের ওপর চাপিয়ে দিতে। এমন গোয়েন্দা তথ্য এক মিত্র রাষ্ট্রের মাধ্যমে পেয়ে ইরান মার্কিন কর্তৃপক্ষকে সতর্ক করে, যার ফলে পরিকল্পিত বিস্ফোরণটি প্রতিহত করা সম্ভব হয়।

ঘটনার পটভূমিতে উল্লেখযোগ্য যে, গত ১৩ জুন ইসরাইল একাধিক ইরানি সামরিক ও বেসামরিক স্থাপনায় বিমান হামলা চালায়, যা দুই পক্ষের মধ্যে ১২ দিনের সংঘর্ষে রূপ নেয়। ইরানের দাবি, এতে ৬০৬ জন নিহত ও ৫,৩৩২ জন আহত হন। ইসরাইলে ইরানের প্রতিশোধমূলক হামলায় ২৯ জন নিহত ও ৩,৪০০ জন আহত হন বলে জানায় জেরুজালেমের হিব্রু বিশ্ববিদ্যালয়।

এই যুদ্ধ চলাকালে পাকিস্তান প্রকাশ্যে ইরানকে সমর্থন জানায়। শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ২৪ জুন থেকে দুই পক্ষের সংঘর্ষ বন্ধ হয়।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:45

URL: <https://www.timestodaybd.com/international/3803789484>